

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর, যুব ভবন
১০৮ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
www.dyd.gov.bd

স্মারক নং- ৩৪.০১.০০০০.০২৮.১৬.০৪৯.১২- ১৭০

তারিখঃ ২৬/০৪/২০১৭ খ্রিঃ।

বিষয়ঃ সাতক্ষীরা জেলার সকল উপজেলায় ঋণ কার্যক্রমের সিস্টেম জেনারেটেড রিপোর্ট প্রণয়ন কার্যক্রম সংক্রান্ত।

সূত্রঃ ৩৪.০১.০০০০.০.২৮.১৬.০৪৯.১২-৪৬২, তারিখ- ০৯/১১/২০১৬ খ্রিঃ

যুব উন্নয়ন অধিদপ্তরের ঋণ কার্যক্রমের কম্পিউটার জেনারেটেড (স্বয়ংক্রিয়) মাসিক প্রতিবেদন (অনলাইন রিপোর্টিং) প্রণয়ন ও প্রাপ্তির প্রক্রিয়া সাতক্ষীরা জেলাধীন সকল উপজেলায় সম্প্রসারণের উদ্যোগ নেয়া হয়েছে। এ লক্ষ্যে জেলাধীন সকল উপজেলার নির্ধারিত কম্পিউটারে এ সংক্রান্ত প্রস্তুতকৃত অফলাইন সফটওয়্যার ইনস্টলেশন এবং সমাপ্ত নেটওয়ার্কিং প্রকল্পের মাধ্যমে ঋণ কার্যক্রমের এন্ট্রিকৃত ডাটা হালনাগাদ করে সিস্টেম জেনারেটেড অনলাইন ঋণের মাসিক প্রতিবেদন প্রস্তুতির ব্যবস্থা নেয়া হয়েছে। সফটওয়্যার ব্যবহার করে সিস্টেম জেনারেটেড অনলাইন রিপোর্ট প্রণয়নের কারিগরী দিক এবং জেলা ও উপজেলা পর্যায়ে করণীয় বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনা দিয়ে সূত্রস্থ পত্র জারী করা হয়েছে। এ কার্যক্রম শুরুর পূর্বে জেলা এবং উপজেলা পর্যায়ের সংশ্লিষ্ট জনবলের সক্ষমতা তৈরীর লক্ষ্যে নিম্নবর্ণিত তারিখে অনলাইন ঋণ প্রতিবেদন প্রণয়ন এবং ঋণের প্রাথমিক আবেদন অনলাইনে গ্রহণ ও নিষ্পত্তি বিষয়ক একদিনের প্রশিক্ষণ প্রদানের আয়োজন করা হয়েছে;

তারিখ	প্রশিক্ষণ ভেন্যু	অংশগ্রহনকারী উপজেলার নাম	প্রশিক্ষণার্থীর সংখ্যা
২৩/০৪/২০১৭ খ্রিঃ	উপ পরিচালকের কার্যালয়, সাতক্ষীরা	সাতক্ষীরা সদর, কলারোয়া, দেবহাটা, আশাশুনি, কালিগঞ্জ, শ্যামনগর ও তালা	প্রতি উপজেলা হতে উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, সিএস-০১জন, অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর/ক্যাশিয়ার, জেলা কার্যালয়ের উপ-পরিচালক/সহকারী পরিচালক ০১ জন ও প্রশিক্ষক (কম্পিউটার) ০১ জন ও ডাটা এন্ট্রি অপারেটর মোট =(৭x৩)+৩= ২৪ জন

০২। প্রশিক্ষণে ফ্যাসিলিটিটর হিসেবে জনাব মোঃ পারভেজ মোল্যা, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, মনিরামপুর, যশোর এবং প্রধান কার্যালয়ের দারিদ্র্য বিমোচন ও ঋণ শাখার কর্মকর্তা উপস্থিত থাকবেন। এ সংক্রান্ত গঠিত রিসোর্স পুলের নিম্নবর্ণিত কর্মকর্তাগণও কো- ফ্যাসিলিটিটর হিসেবে উপস্থিত থাকবেন-

নং	কো- ফ্যাসিলিটিটরের নাম	পদবী	কর্মস্থল
০১.	মোহাম্মদ আমির আজম খান	উপ পরিচালক	যুব উন্নয়ন অধিদপ্তর, মৌলভীবাজার
০২.	জনাব মোঃ সাইফ উদ্দিন আহমেদ	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা	যুব উন্নয়ন অধিদপ্তর, ফুলগাজী, ফেণী
০৩.	জনাব পুলু প্রফ	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা	যুব উন্নয়ন অধিদপ্তর, রোয়াংছড়ি, বান্দরবান

০৩। সাতক্ষীরা জেলার প্রতিটি উপজেলা হতে নিম্নবর্ণিত দ্রব্যাদি প্রশিক্ষণ শুরুর দুইদিন পূর্বে প্রশিক্ষণ ভেন্যুতে প্রেরণ নিশ্চিত করতে হবে।

ক. সূত্রস্থ পত্রের নির্দেশনা মোতাবেক সংশ্লিষ্ট উপজেলার যে কম্পিউটার লোকাল সার্ভার হিসেবে ব্যবহৃত হবে (যে কম্পিউটারে সফটওয়্যার ইনস্টল করা হবে-অপেক্ষাকৃত নতুন কম্পিউটার);

খ. ডিসেম্বর ২১০৬ হতে মার্চ ২০১৭ পর্যন্ত ঋণের ম্যানুয়াল মাসিক প্রতিবেদনসমূহ (মূল প্রতিবেদন, মূল্যায়ন প্রতিবেদন ও ব্যাংক স্থিতিপত্র);

গ. ঋণ বিতরণ রেজিস্টার; ঘ. দৈনন্দিন/মাসিক আদায় রেজিস্টার (হালনাগাদ এন্ট্রিসহ)।

০৪। বর্ণিত প্রশিক্ষণে কো-ফ্যাসিলিটিটরগণ স্ব-স্ব ল্যাপটপসহ উপস্থিত থাকবেন।

০৫। এ প্রশিক্ষণের যাবতীয় ব্যয়ভার শেখ হাসিনা জাতীয় যুব কেন্দ্র, সাভার, ঢাকার ওয়ার্কশপ/সেমিনার খাত হতে নির্বাহ করা হবে।

০৬। এমতাবস্থায় প্রশিক্ষণ কোর্স আয়োজনের জন্য ভেন্যু নির্বাচন, ভেন্যুতে উপজেলা হতে আনীত সিপিইউ স্থাপন, প্রশিক্ষণ কক্ষে ইন্টারনেট কানেকটিভিটি ও মাল্টিমিডিয়া স্থাপন করে ভেন্যু প্রস্তুত এবং অংশগ্রহনকারীদের উপস্থিতি নিশ্চিত করাসহ প্রশিক্ষণ আয়োজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০৭। প্রশিক্ষণে অংশগ্রহনকারী, ফ্যাসিলিটিটর এবং কো-ফ্যাসিলিটিটরগণ বিধি মোতাবেক টিএ/ডিএ প্রাপ্য হবেন।


(মোঃ শাহীনুর রহমান)
সহকারী পরিচালক(দাঃ বিঃ ও ঋণ)
ফোন : ৯৫১৫০১৯
Email-addydp@gmail.com

উপ-পরিচালক,
যুব উন্নয়ন অধিদপ্তর, সাতক্ষীরা।

স্মারক নং- ৩৪.০১.০০০০.০২৮.১৬.০৪৯.১২- ১৭০

তারিখঃ ২৬/০৪/২০১৭ খ্রিঃ।

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

০১। পরিচালক (প্রশাসন ও অর্থ), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

০২। পরিচালক (শে.হা.জা.যু.কে.), যুব উন্নয়ন অধিদপ্তর, সাভার, ঢাকা।

০৩। উপ পরিচালক (অর্থ ও অডিট), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

০৪। কম্পিউটার প্রোগ্রামার, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা-কে পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ জানানো হলো।


০৫। জনাব ----- ও কো-ফ্যাসিলিটিটর।

০৬। জনাব মোঃ পারভেজ মোল্যা, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, মনিরামপুর, যশোর ও ফ্যাসিলিটিটর।

০৭। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাসংশ্লিষ্ট সকল উপজেলাজেলা।

০৮। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

০৯। অফিস কপি/গার্ড নথি।


(মোঃ শাহীনুর রহমান)
সহকারী পরিচালক (দাঃ বিঃ ও ঋণ)